

বেহেস্তে যাওয়ার ক্ষেত্রে

বেহেস্তে যাওয়ার ক্ষেত্রে যা জানা আপনার জন্য গুরুত্বপূর্ণ তা হলো:

“কেননা সকলেই গুনাহ্ করেছে এবং আল্লাহর গৌরববিহীন হয়েছে”। কেননা গুনাহের বেতন মৃত্যু কিন্তু আল্লাহর মেহেরবানী দান আমাদের মাবুদ ঈসা মসীহ-এ অনন্ত জীবন।” রোমীয় ৩:২৩, ৬:২৩

বেহেস্তে যাওয়ার ক্ষেত্রে আপনার জন্য একটি উৎসাহজনক বিষয় হলো যা ঈসা বলেছেন:

“আমি তোমাদের জন্য জায়গা ঠিক করতে যাচ্ছি... আমি পুনরায় ফিরে আসব ও তোমাদেরকে আমার কাছে নিয়ে নেব যেন আমি যেখানে থাকি তোমরাও সেখানে থাকতে পার”। ইউহোনা ১৪:২-৩


বেহেস্তে যাওয়ার ক্ষেত্রে আপনার জন্য যা জানা একটি অপূর্ব বিষয় তা হলো:

“পাক-কিতাবের কথা মত মসীহ আমাদের গুনাহের জন্য মৃত্যুবরণ করেন” এবং “মৃত্যুর ক্ষমতা যার হাতে আছে সেই ইবলিসকে তিনি নিজের মৃত্যুর মধ্য দিয়ে শক্তিশীল করেন”। মাবুদ ঈসা এখন ঘোষণা করেন, “আমি সেই যিনি জীবিত আছি, আমি মরেছিলাম, আর দেখ, এখন আমি যুগ যুগ ধরে চিরকাল জীবিত আছি, আমিন, আর আমার কাছে দোজখের চাবি আছে এবং দেখ আমি চির জীবন্ত, আমিন, এবং আমার কাছে দোজখ ও মৃত্যুর চাবি আছে”। ১ করিন্থীয় ১৫:৩, ইবরানী ২:১৪, প্রকাশিত কালাম ১:১৮

বেহেস্তে যাওয়ার ক্ষেত্রে আপনার জন্য যা জানা প্রয়োজন তা হলো, নাজাত আল্লাহর বিনামূল্যে দেয়া দান। কারণ অনুশোচনাকারী গুনাহগাররা হলেন:

“ঈমানের মধ্য দিয়ে তোমরা নাজাত পেয়েছ; আর এটি তোমাদের নিজেদের দ্বারা হয়নি; তা আল্লাহরই দান”। হযরত ঈসা মসীহ বলেছেন, “আমিই দরজা; যদি কোন ব্যক্তি আমার মধ্য দিয়ে ঢোকে সে নাজাত পাবে”। ইফিথীয় ২:৮, ইউহোনা ১০:৯

আশাহীনের জন্য আশা



আপনার শরীরে এইডস্ থাকুক অথবা না থাকুক

এইডস্

কিন্তু আল্লাহ্ আপনার জন্য বেহেস্তে
যাবার একটি পথ প্রস্তত করেছেন।

বেহেস্তে যাওয়ার ক্ষেত্রে

কিন্তু এখন
মসীহ
ঈসাতে,
এক কালে
দূরে ছিলে
যে তোমরা
তোমাদের
মসীহের
রক্ত দ্বারা
কাছে আনা
হয়েছে!
ইফিথীয় ২:১৩

আল্লাহ্ এটিও বলেছেন যে আপনি কিভাবে ইবলিসকে পরাজিত করবেন।

তারা তাকে পরাজিত করেছেন...	এর অর্থ হলো এই যে, আপনার পক্ষে ইবলিসকে জয় করা সম্ভব। আল্লাহর শত্রু আপনার গুনাহ ও ব্যর্থতার জন্য আপনাকে দোষারোপ করছে। ইবলিস কামনা করে যেন আপনি চিন্তা করেন যে বেহেস্তে যাবার কোন আশাই আপনার নাই।
মেষের রক্ত দ্বারা	এর অর্থ হলো এই যে, যদিও অন্য সবার রক্তে মৃত্যুর বীজ রয়েছে শুধুমাত্র হযরত ঈসার রক্ত পাক অবস্থায় রয়েছে। আপনার গুনাহের জন্য এই অমূল্য রক্ত ঝরানো হয়েছে এবং আপনি যদি হযরত ঈসা মসীহ-এর উপর ঈমান আনেন তবে ইবলিস আর কোনভাবেই আপনাকে দোষী করতে পারবে না। আর তখন ঈসার রক্ত আপনাকে ইবলিসের হাত থেকে মুক্ত করবে।
তাদের আত্মশাস্তির কালাম দ্বারা	এর অর্থ হলো এই যে, আপনি অবশ্যই অন্য কাউকে আপনার সিদ্ধান্তের বিষয়ে বলবেন যে আপনি ঈসা মসীহ-কে নিজের ব্যক্তিগত মাবুদ ও নাজাতদাতা হিসাবে গ্রহণ করেছেন।
“আর তারা মৃত্যু পর্যন্ত নিজ নিজ প্রাণ ও প্রিয় জ্ঞান করেননি”। প্রকাশিত কালাম ১২:১১	এর অর্থ হলো এই যে, যেহেতু মাবুদ ঈসা মসীহ আপনার জন্য মৃত্যুবরণ করেছেন, এখন আপনার নিজের জীবনের প্রতি যে মহব্বত রয়েছে তার চেয়ে ঈসার জন্য আপনার মহব্বত আরও মহৎ। আপনার নিজের মনের ভাষায় তাঁকে বলুন যে আপনি কতই না তাঁকে বড় ভালবাসেন।

আল্লাহ্ নিরাপদ যৌনতার ক্ষেত্রে একমাত্র যে উপায় পরিকল্পনা করেছেন তা হলো: একজন পুরুষ ও একজন নারী বিবাহ নামক একটি সম্পর্কে আবদ্ধ হবেন।

“আল্লাহ্ মানুষকে এত মহব্বত করলেন যে, তাঁর একমাত্র পুত্রকে তিনি দান করলেন, যেন যে কেউ সেই পুত্রের উপর ঈমান আনে সে বিনষ্ট না হয় কিন্তু অনন্ত জীবন পায়”। ইউহোন্না ৩:১৬

“আল্লাহ্-এর মহব্বতের প্রতি সাড়া দেবার এবং তাঁর কাছে যে অনন্ত জীবন রয়েছে সেই বিষয়ে নিশ্চিত হবার ক্ষেত্রে আপনাকে আল্লাহ্-এর কাছে নিজ হৃদয় দিয়ে মোনাজাত করতে হবে। আপনার অনন্ত নিয়তি আপনার হৃদয় মর্মস্পর্শী মোনাজাতের মধ্য দিয়ে আল্লাহ্-এর বিশ্বয়কর ভালবাসার প্রতি সাড়াদানের উপর নির্ভর করে। আপনি অনুগ্রহ করে এই ধরনের মোনাজাত এখন করুন।

আমার মোনাজাত

সর্বশক্তিমান আল্লাহ্ আমি আপনার সামনে জানুপেতে স্বীকার করছি যে আমি একজন গুনাহগার। আমার গুনাহের জন্য আমি মৃত্যুর যোগ্য। আপনাকে শুকরিয়া জানাই যে আপনি হযরত ঈসাকে আমার পরিবর্তে সলিবে মৃত্যুবরণ করতে দিয়েছেন। আমি এখন আমার গুনাহ থেকে ফিরে এসে ঈসা মসীহের উপর ঈমান আনছি এবং তাঁকে নিজের মাবুদ ও নাজাতদাতা হিসেবে গ্রহণ করছি। আপনি দয়া করে আমাকে মাফ করুন এবং আমার দিল ও জীবন পাক-সফ করুন। আমি মাবুদ ঈসার পাক রক্তে ইবলিসের প্রতি নিজের সকল প্রকার আনুগত্য ত্যাগ করছি। হে মাবুদ ইসা, আমি এখন আমার নিজের দিলে ও জীবনে আপনাকে আসার জন্য আমন্ত্রণ জানাচ্ছি। আপনি পাক রক্তের দ্বারা আমাকে পূর্ণ করুন। হে মাবুদ, আপনাকে শুকরিয়া জানাই যে আপনি আমাকে মাফ করেছেন। হে মাবুদ, আপনাকে শুকরিয়া জানাচ্ছি যে এখন আমি পুনর্জন্মপ্রাপ্ত এবং একদিন আমি আপনার সঙ্গে বেহেস্তে বাস করব। আমিন